



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- ময়শিবো/প্রশাঃ/০২/২৫/১৮/ ২৫৬

তারিখ : ২৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

জরুরী বিজ্ঞপ্তি

বিষয় : নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্র : বোর্ডের পত্র স্মারক নং- ময়শিবো/প্রশাঃ/০২/২৫/১৮/৩৬৬ তারিখ ২৮/০৫/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিষ্ঠানে এডহক কমিটি গঠন বিষয়ক সূত্রোক্ত স্মারক নং- ময়শিবো/প্রশাঃ/০২/২৫/১৮/৩৬৬ তারিখ ২৮/০৫/২০২০ পত্রটির কার্যকারিতা বাতিল করা হলো। এখন হতে প্রতিষ্ঠানে এডহক কমিটি অনুমোদনের আবেদন প্রেরণের পূর্বে তা গঠনের বিষয়ে বোর্ডের পূর্বানুমতি নিতে হবে।

Intermediate and Secondary Education Board 1961 (E.P. Ord. No. XXXIII of 1961) এর Section II এর ক্ষমতাবলে এই নির্দেশনা জারী করা হলো।

বিঃদ্রঃ কোন প্রতিষ্ঠানের কমিটি সংক্রান্ত মামলা চলমান থাকলে মামলার নম্বর ও তারিখ আবেদন পত্রে অবশ্যই উল্লেখ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ দায়ী থাকবেন।

প্রাপক :

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ

প্রফেসর ড. গাজী হাসান কামাল

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলাসমূহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলাসমূহ।
- ৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলাসমূহ।
- ৬। অফিস কপি।